দৈনিক বাংলা

তারিখ ২৬।৩।৮১ … …

পৃষ্ঠা… … … … কলাম… … …





প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান রোববার ট্রিনিটি নার্সারী স্কুলে বার্ষিক পুরস্কার বিতরণী সভায় শিশুদের মধ্যে পুরস্কার বিতরণ করেন

# গণসাক্ষরতা অভিযানে অংশ নেয়ার আবেদন

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান শিক্ষক, ছাত্র ও শিক্ষিত ব্যক্তিদের প্রতি গণসাক্ষরতা কর্মসূচীতে সক্রিয়ভাবে অংশগ্রহণের আহ্বান জানিয়েছেন। উল্লেখ্য, বর্তমানে দেশে এ কর্মসূচী চালু রয়েছে।

বাসসর খবরে বলা হয়, প্রধানমন্ত্রী গতকাল ট্রিনিটি নার্সারী স্কুলের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বক্তৃতা করছিলেন। তিনি শিশুদের উপযুক্ত শিক্ষা দানের উপর গুরুত্ব আরোপ করেন।

প্রাথমিক শিক্ষাদানের ব্যবস্থা করা সরকারের সাংবিধানিক দায়িত্ব— একথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন সাক্ষরতা কর্মসূচী অনুযায়ী সরকার ১৯৮৫ সালের মধ্যে দেশ থেকে নিরক্ষরতা নির্মূল করতে সংকল্পবদ্ধ।

এ কর্মসূচীর সাফল্য বর্ণনা করে তিনি বলেন, গত বছর প্রায় ৩০ লাখ লোককে ব্যবহারিক শিক্ষা দেয়া হয়েছে। আগামী বছর এক কোটি লোককে ব্যবহারিক শিক্ষা দেয়ার পরিকল্পনা রয়েছে, বলে তিনি জানান।